



নির্বাচনে নবনির্বাচিত সংসদ সদস্যদের গেজেট প্রকাশ ইসির



ছবি: সংগৃহীত

ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনে বিজয়ী ২৯৭ জন প্রার্থীর গেজেট প্রকাশ করেছে নির্বাচন কমিশন (ইসি)। শুক্রবার দিবাগত রাতে ইসির জ্যেষ্ঠ সচিব আখতার আহমেদের স্বাক্ষরে এ প্রজ্ঞাপন জারি হয়।

ইসি জানায়, নির্ধারিত ৩০০ আসনের মধ্যে ২৯৯টিতে ভোট হওয়ার কথা থাকলেও একটি আসনে প্রার্থীর মৃত্যু এবং কয়েকটি আসনে আইনি জটিলতার কারণে ফল স্থগিত থাকে। এর মধ্যে ২৯৭ আসনের ফল চূড়ান্ত করে গেজেট প্রকাশ করা হয়েছে। প্রকাশিত তালিকায় নির্বাচিত সদস্যদের নাম, পিতা-মাতার পরিচয় ও ঠিকানা উল্লেখ রয়েছে।

এর আগে বৃহস্পতিবার ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন এবং সংবিধান সংস্কার ইস্যুতে জাতীয় গণভোট অনুষ্ঠিত হয়। পরদিন দুপুরে ২৯৭ আসনের চূড়ান্ত ফল ঘোষণা করে ইসি। আনুষ্ঠানিক প্রক্রিয়া শেষে এখন সেই ফলের ভিত্তিতেই গেজেট জারি করা হলো।

ফলাফলে দেখা গেছে, ২৯৭ আসনের মধ্যে বাংলাদেশ জাতীয়তাবাদী দল (বিএনপি) পেয়েছে ২০৯টি আসন। দলটির মিত্র গণঅধিকার পরিষদ, বাংলাদেশ জনতা পার্টি (বিজেপি) ও গণসংহতি আন্দোলন একটি করে আসনে জয় পেয়েছে।

অন্যদিকে বাংলাদেশ জামায়াতে ইসলামী এককভাবে ৬৮টি আসন অর্জন করেছে। তাদের জোটসঙ্গী জাতীয় নাগরিক পার্টি (এনসিপি) পেয়েছে ৬টি আসন। এছাড়া বাংলাদেশ খেলাফত মজলিশ ২টি এবং খেলাফত মজলিশ ১টি আসনে বিজয়ী হয়েছে।

এ ছাড়া ইসলামী আন্দোলন বাংলাদেশ একটি আসন পেয়েছে এবং ৬টি আসনে স্বতন্ত্র প্রার্থীরা জয়ী হয়েছেন।